পর্বত পরীরা মুক্ত, প্রেত অনুরাগিনী,

নৃত্যে মাতে ঘুরে অঘোরিনী

যেন বিদ্যুৎ চমকানী!

ফাৰ্ণ-এৰ বারণ-পুষ্প কৰব চয়ন,
নভ হতে তারকা ক'ৰে স্থলন, হবে স্বৰ্ণ গহন
পৰ্বতে তুম্বাৰে এই গ্ৰীষ্মে মোহন
হবে তব বধু সাজ আবরণ।
কৰতে তোমায় বনের রানী
সিংহাসন চ্যুত হবে নাগ মহারানী
অগ্নিশিলা পাহাড় হবে অবরোধ বাহিনী
হও প্ৰেমিকা মোৰ!
দিনভৰ, সন্ধ্যা হ'তে ভোর
বহুৰত্নেৰ সস্তাৰ
কৰব এনে উজাড়,
মুকুট বুনব আৰ,
মাতব তালে নৃত্যেৰ
বয়ে নিয়ে ডানায় আমাৰ
পাৰ হব সাগৰ, যেথা সমৃদ্ধ সূৰ্য্য তার
কাঞ্চন গভীৰে লুকায় গোপনে।
যেথা ডাঁকি দেব তারকালয়েৰ জানালায়
তারার হাতে কাটা রূপালী সূতায়
রক্তিম আঁধাৰ কৰব অতিক্ৰম পথ বুনৈ।
তারপর, উষাৰ উদয়ে, শ্বেত মেঘদূত
পূজ্ঞ হবে দলে দলে, যেন মেঘ অবধূত,
শীতল জল পান কৰে শান্ত নদ হ'তে,
বিশ্ৰাম নেব মোৰা তবে ফুলেৰ শয্যাতে...

মায়া

(অস্থির হ'য়ে)

থামো, থামো!

অরণ্যাসুর

এ কি ক্ষোভ? ভাব প্রকাশেও দাও বাধা?

(ব্যস্ত হ'য়ে ব্যঙ্গ ক'রতে ক'রতে)

গেলে ভুলে বিগত বসন্তের কথা?

মায়া

ঐ বিগত কাল, গেছে চলে কবে!

তখন যে গান ছিল, শীত শেষ হ'ল যবে।

আমার নেই কিছু মনে!

অরণ্যাসুর

(চুপি চুপি মনে করায়)

ঐ বন ঝোপের মাঝে?...

মায়া

কি হ'ল সেথায়? খুঁজেছি ফলমূল, মধু ...

অরণ্যাসুর

থেকে আমার পথ চেয়ে শুধু?

মায়া

বনে ঝোপে খুঁজে ফিরে গাছ মূল লতা ...

অরণ্যাসুর

আমার তরে রচিতে শয্যা কোমলতা!

মায়া

না না, রচিতে আমার কেশ সাজ নূতন!

অরণ্যাসুর

মনে মনে কোন অনুরাগীর আসার স্বপন?

মায়া

না, বাঁচি গাছ করে মোরে আদরে দোলন।

অরণ্যাসুর

এ বিলক্ষণ, - প্রেমে পাগল তুমি কার?

মায়া

হা - হা - হা! না রাখি খবর!

আছে ঐ বন, প্রান্তর - শুধাও ওদের।

যাই কেশ করতে আলো বকুল ফুলের সাজে ...

(বনের দিকে যেতে যেতে)

অরণ্যাসুর

দেখিস! হিম শিশির ঘাতে সব ফুল গেছে বারে!

মায়া

পবনের প্রবহন,

অরণ্যের কিরণ,

হিম শিশিরের পতন!

(বনের গভীরে প্রশ্ন করে)

অরণ্যাসুর

তিষ্ঠ বন্ধু আর কিছুক্ষণ!

তোমা বিনা যায় যে জীবন!

কোথা তুমি? তুমি কোথা? দাও দেখা?

(নিজেও বনের দিকে দৌড়ে যায়। গাছের পাতার আড়াল থেকে কিছুক্ষণ দেখা যায় তার রক্তাম্বর, এবং শোনা যায় প্রতিধ্বনি - তুমি কোথা? কোথা তুমি? তুমি কোথা?...)

সূর্যাস্তের হান্কা শর্মিল রক্তিমাত সাজে বন সেজে ওঠে, ধীরে ধীরে তাও
নিভে যায়। হ্রদের উপর স্বচ্ছ শ্বেত কুয়াশার আবরণ নেমে আসে।

লেভ খুড়ো ও লুকাশের প্রবেশ

লেভ

(রাগ ক'রে বলে ওঠে)

দুবন্ধর জলদানব! হোক অভিশপ্ত সকলে!

মাছ ধ'রে যবে ভাসে জলে

ডিঙি মোর মাঝ নদী 'পর

যেই ভাবি যাই ঐ পার

শক্ত খাবার আঘাতে নৌকাটি টলমল

আর একটুতেই হত যাত্রা অতল!

কায়দা আমিও জানি, হাতের কবলে

দাড়ি ধ'রে টেনে নিলাম হাতে পেঁচিয়ে,

কোমর-বন্ধ হ'তে ছুরি বার ক'রি - গেল পালিয়ে,

নয়ত দাড়ির ফসল যেত কাটা! শ্বাস হারিয়ে,-

জোর যুদ্ধ হাতা-হাতি - নৌকা গেল ডুবে!

বাঁচিয়ে প্রাণ কোন ভাবে এলাম পারে,

জলে গেল সব মাছ ... দেখে নেব ফের তোরে!

(লুকাশের প্রতি)

এর উপর কি যে ভাবন লেগেছে তোর, -

চীৎকার ক'রে ডাকি - নেই কোন সাড়!

কোন চুলোয়, ওরে গেলি কোন চত্তরে এবার?

লুকাশ

বলি তো - ছিলাম হেথায়,
বাঁশরী নির্মাণে মগ্ন চেতনায়।

লেভ

জাগে সন্দেহ যে প্রভু,
বাঁশী বানাতে লাগে কি এত সময় কভু!

লুকাশ (নির্লিপ্ত ভাবে)

খুঁড়ো মোর, হৃদয় যে মোর ...

লেভ

(মুচকি হেসে আদরে গদগদ হয়ে)

ওহে, বলো না মিছে কথা কখনো
নবীন মন প্রাণ তোর! দুষিত হয় নি এখনো!
তার চেয়ে নিয়ে আয় শুকনো ডাল বন মাঝে
জ্বালিয়ে আগুন, - শুকাই যা কিছু গেছে ভিজে,
যাওয়া কি যায় ঘর এমন অবস্থায়?
ঘর যেতে পথে কোন ভূত ঘাড়ে চড়ে হায় -
নাম ক'রে লাভ নেই - রাম-রাম!
নতুবা মাথায় চেপে খেলা করবে অবিরাম ...

(লুকাশ বনে চলে যায়, খসখসে আওয়াজে বোঝা যায় যে সে শুকনো
পাতা ও ডাল জোগাড় করছে। লেভ খুঁড়ো ওক গাছের শুকনো শিকড়ের

উপর বসে হুঁকো ধরাবে বলে আগুন জ্বালানোর চেষ্টা করে)

কি ক'রে ধরে আগুন? শেওলাতে গেছে ভিজে

চকমকি গেল কোথা ... জ্বলবে নাকো আলো

আমার গায়ের উত্তাপে! নাকি নতুন গজালো

শেওলা গাছের গায়ে?

(ওক গাছের গায়ে হাত দিয়ে পরীক্ষা করে, শেওলা আছে কি না)
এ সময়ে কুয়াশা ভেদ করে হুদের গভীর থেকে ভেসে ওঠে নারীরূপী
ছায়ামূর্তি, অশরীরী এক ধোঁয়ার কুণ্ডলী, লম্বা দুই হাত বাড়িয়ে আঙুল দিয়ে
বাতাসে সাঁতার কাটতে কাটতে লেভ-এর দিকে এগিয়ে আসে)

লেভ

(ভয় পেয়ে)

এ কোন পিশাচিনী? বটে বটে,
ভাল যে পিছে নয়, সামনে আছে, চিনি, চিনি! ...
ঘুরে দাঁড়িয়ে, পুণ্ডলীর ভেতর থেকে নানারকম শিকড়-বাকড় বার করে
ছায়ামূর্তির দিকে এগিয়ে যায়, যেন তার কাছ থেকে রক্ষা পেতে চায়। মূর্তি
কিছু পিছিয়ে যায়। বিড়-বিড় করে খুব দ্রুত একদমে এক মন্ত্র বলে লেভ।)

হে মায়াবী কন্যা

পীতবর্ণা রোগজীর্ণা!

যা চলে যা ঝোপের অতলে ঐ পাঁকে
নেই যেথা মানুষ-জন, না মোরগ ডাকে,
না যায় যেথা শব্দ, নিঃস্বর যেথা থাকে।

হেথা নেই স্থান তোর,

সুস্থ এ দেহ মোর

না নেয় কোন রোগের ঘোর,
হবে না শোণিত পান করা তোর,
জীবনের সময়ের তুই চোর।

যা, যা, নে এই শুকনো ডাল, যা,

যা মরা তুই যেথা যাবি যা!

ছায়ামূর্তি হুদের দিকে চলে যায়, ধীরে ধীরে কুয়াশায় মিশে যায়। লুকাশ

এক গুচ্ছ শুকনো ডাল নিয়ে আসে, মাটিতে লেভ খুড়োর সামনে নামিয়ে
রাখে, জামার হাতার থেকে চকমকি পাথর বার ক'রে আগুন জ্বালায়।)

লুকাশ

নাও খুড়ো, আগুন পোহাও এবার।

লেভ

হোক তব কল্যাণ

এ বুড়ো খুড়োকে দাও এত সম্মান।

(আগুনে হুকো ধরায়)

এবার লাগো অন্য কাজে মন প্রাণ!

লুকাশ

শোনাও তবে কোন গল্প এখন!

লেভ

দেখ্ দিকি,

ছোট ছেলে যেন! ... কোন্ গল্প বলি, বল্ দেখি?

যাদুকরের কাণ্ড, না নেকড়ে বাঘের হাসি মেকি?

লুকাশ

জানি ঐ গল্প সব, বল অন্য কোন গাথা,

তোমার সমান নেই কথকতায়।

লেভ

(কিছু চিন্তা ক'রে)

তবে শোন্ -

লহরী রানীর কথা বলি, দিয়ে মন।

(শাস্ত সুরেলা গলায় বলতে থাকে)

থাকত যদি সুরম গৃহ, ধন

তার সাথে সুহৃদ আপন জন,
গল্প রচে মনের সুখে
ছড়িয়ে দিতেম মুখে মুখে
সারা জগত ভ'রে
ঐ দিগ্বলয়ের পারে
সাত সমুদ্র পেরিয়ে,
ঐ পাহাড় ডিঙিয়ে,
আছে দেশ অপূর্ব অরূপ
যেথা সদা স্বর্গ সুখ।
সূর্য যেখানে যায় না অস্তাচলে,
চাঁদের শান্ত দীপ সদাই যেথা জ্বলে,
তারকার দল ঘুরে মাঠে ঘাটে,
মনোরম নৃত্যে যে মাতে।
পুত্র ছিল সর্বশ্রেষ্ঠ তারকার
তার দুষ্ক ধবল অধর
ঐ সুঠাম তার কলেবর,
সোনালী কেশ ওড়ে বাতাসে,
রূপালী অস্ত্র হাতে শোভে ...

লুকাশ

এ তো রানীর গল্প নয়, - ছিল যে অন্য কথা।

লেভ

বকিস না বৃথা!
ঐ শ্বেত যুবাব বয়স গড়িয়ে গড়িয়ে
যায় দিন, জীবনের প্রভাত পেরিয়ে,

হিসেব নিকেশের বেলা এল এগিয়ে।

‘সকলের মাঝে আমি সুন্দর প্রার্থী,
মেলেনি আজও মোর হৃদয়ের সাথী।

বল মাতা বল মোরে,

কোথা খুঁজে পাব তারে;

সুকুল উচ্চবিত্ত সমাজে

কিবা ক্ষত্রিয়ের দিগ্বিজয়ী মেজাজে

রাজকন্যার রাজসিক সাজে

অথবা সামান্য মানুষের মাঝে?

যেথাকার হোক সে যে, যে কোন জাতি,

হয় যেন শুধু মোর যোগ্য সাথী ...’

(ঘুমে তুলতে শুরু করে)

গিয়ে চ’লে সাগরের কিনারায়

রেখে আসে মুক্তামালা তার আশায়

লুকাশ

দেখ খুঁড়ে, কি যেন গেলে ভুলে।

লেড

তাই? কি ক’রব এমন বিরক্ত ক’রলে?

... সাগরের বুকো যবে ওঠে চেউ মহাবল

মাঝে তার ভেসে ওঠে এক অশ্বদল,

রক্ত-লাল আগুনের যেন শিখা

রক্ত-রঙা রথের সাথে বাঁধা ...

আর রথের উপরে বসে থাকা ...

(ঘুমে ডুবে যায়)

লুকাশ

কে চড়ে ঐ রথে? রানী?

লেভ

(ঘুমের ঘোরে)

হ্যাঁ? কোথা? কোন রানী?...

লুকাশ

হলে ঘুম-রাজ্য গামী!

বসে বসে আগুনের দিকে তাকিয়ে ভাবে, তারপর উঠে ধীরে ধীরে পায়চারি করে, বাঁশী বাজাতে থাকে (১০ নং সুর), বনে গোধূলি নেমে আসে, দিনের স্বচ্ছ শেষ আভা, চাঁদ এই উঠল ব'লে। আগুনের কাছে আলো ছায়ার খেলা, যেন এক অলৌকিক মায়াবী নৃত্য; আগুনের কাছে ঝোপের ফুলগুলিও যেন রঙীন হ'য়ে জ্বলছে নিভছে। বনের অন্য প্রান্তে সাদা হ'য়ে ফুটে ওঠে পপলার ও বার্চ গাছের কাণ্ডগুলি। অশান্ত বসন্তের হাওয়া বার্চ ও অন্যান্য গাছগুলির মধ্যে ধাক্কা খেয়ে ঘুরে বেড়ায়। হ্রদের উপরের কুয়াশা সাদা ঢেউ চেপে পৌঁছে যায় ওপারের ঘন কালো অন্ধকার ঝোপে, কুয়াশায় মুখ ঢেকে লতা অশ্বট স্বরে কথা বলে গাছের কানে কানে। বনের ভিতর থেকে ছুটে আসে মায়ী, যেন পালিয়ে এসেছে, একরাশ চুল এলোমেলো, বসন আলুথালু, সমতল জায়গাটিতে এসে দাঁড়ায়, চারদিকে তাকিয়ে, বুকের উপর হাত রেখে, বার্চ গাছের গায়ে হেলান দেয়।)

মায়ী

কৃতজ্ঞ অনেক আমি হে তমানিশা,

আঁধারে মোর মুখ ঢেকে দিলে দিশা!

ধাঁধালো পথে বাঁচালে আমায়,

পথ দেখিয়ে আনলে বার্চ গাছের তলায়।

বোন মোর, গ্রহন করো তব অন্দর-মহলে!
বার্চ গাছের কাণ্ডকে জড়িয়ে ধরে লুকায়।)

লুকাশ

(পা টিপে টিপে কাছে এসে)

মায়া, তুমি?

মায়া

হঁ্যা, আমি।

লুকাশ

কোথা হতে দ্রুত ...

মায়া

কাঠবিড়ালির মত ...

লুকাশ

দৌড়ে পলায়ন?

মায়া

ঠিক ধরেছ এখন!

লুকাশ

কার ত্রাসে পালাও এবার?

মায়া

ঐ আগুনের মত তেজ যার।

লুকাশ

কোথা সে, নেই কোন সাড়।

মায়া

চুপ! ... উড়ে আসবে আবার।

(নিঃশব্দ)

লুকাশ

এমন কাঁপছ কেন তুমি? ঐ শূনি
উদ্বিগ্নে নড়ে গাছ, শাখা দোল-দোলনী।

মায়া

(গাছ থেকে স'রে এসে)
হায় হায়! করে ভয় হেলান দিতে,
পায়ে দাঁড়াতে নারি, নেই যেন ভিতে।

লুকাশ

দাও আমার গায়ে হেলন,
আমি শক্ত, - করব ধরণ, করব রক্ষণ।

(মায়া লুকাশের গায়ে হেলান দেয়। ওরা দাঁড়িয়ে থাকে, যেন প্রেমিকযুগল।
চাঁদের আলো বনের ভিতর চলে ফিরে সমতলে এসে থামে, বার্চ গাছের
নিচে উঁকি দেয়। এই সময় বনের সব বুলবুল পাখি গেয় ওঠে গান, বসন্তের
রাত্রির সব সুর উজাড় করে দেয়। বাতাস তালে তালে দোল খায়, কুয়াশার
ভিতর থেকে জলপরী উঠে আসে এবং তরুণ-তরুণীর দিকে তাকায়।
লুকাশ তার কাছে মায়াকে ধ'রে, ধীরে ধীরে মুখের কাছে মুখ এনে হঠাত্
চুম্বন করে।)

মায়া

(সুখের ব্যথায় বিহ্বল হ'য়ে বলে ওঠে)
ও:! হৃদয়ের মাঝে যেন জ্বলে উঠল তারা

জলপরী

হা - হা - হা!

(হাসতে হাসতে জলে ডুব দেয়।)

লুকাশ

(ভয় পেয়ে)

এ আবার কে?

মায়া

পেয়ো না ভয়, ও যে জলপরী
সখী মোর, নয়কো সে অরি।
খেয়ালী মনে তার কত কৌতুক
যায় যাক্ চুলোয় সব এ বেলা,
আমাদের এ জগতে অদ্ভুত!

লুকাশ

আমিই কি সব নাশের কারণ?

মায়া

না না,
তুমি হলে অন্য পৃথিবী, সুন্দরতর
ঐ পরিচিত জগতের থেকে মোর
কি আনন্দ ভুবনে - মোদের এ মিলনের পর।

লুকাশ

হয়েছি কি মোরা মিলনে বিলীন?

মায়া

শোন পেতে কান,
বুলবুল কেমন গায় ঐ পরিণয়ের গান?

লুকাশ

শুনি শুনি, নয় কোলাহল ঝালাপালা
নয় গালগল্প, এ যে গান সুরেলা

বলে কেমন, 'কর' চুস্বন! চুস্বন! চুস্বন!'

(দীর্ঘ চুস্বনে নিমগ্ন হয় দুজনে)

ইচ্ছা করে চুস্বনের জোরে

যেন মেরে ফেলি তোরে!

(হঠাৎ উতল হাওয়া জেগে ওঠে, পাক দিয়ে ঘোরে সমতলে)

মায়া

না, যাব না এখন মরতে ...

ছেড়ে কত আশা এ জগতে ...

লুকাশ

কি যে বল? না না, কড়ু নয়!

এ যে কি বললাম আমি?!

মায়া

নয় নয়, মরণও হয় শুভ -

আকাশ থেকে খসে যেমন তারা ...

লুকাশ

থাক থাক!

(অনুনয় করে বলতে থাকে)

চাই না শুনতে এ কথা। অন্য কিছু বলো!

বা থাক নীরব হয়ে! ... না না বলো বলো!

এমন মধুর তব ভাষ, কেমন যেন

শুনতে লাগে ভালো, ... নীরব কেন মায়া?

করলে অভিমান?

মায়া

শুনি তোমার কথা ...

তোমার ভালোবাসা ...

(লুকেশের মাথা হাতে নিয়ে চাঁদের বিপরীত দিকে ঘুরিয়ে তীক্ষ্ণদৃষ্টিতে
চোখের দিকে তাকায়)

এ কি? লাগে ডর

দৃষ্টি দিয়ে যেন ভেদ কর সত্ত্বা মোর

আমি অপারগ! বল কথা, কর রঙ্গ

কর প্রশ্ন, বল আমায় কত ভালোবাসো, হাসো

মায়া

বচন তোমার নির্মল, যেন স্বচ্ছ বর্ণা,

আঁখি তব - নয় স্বচ্ছ বর্ণা।

লুকাশ

হয়ত চাঁদের কিরণ নয় স্বচ্ছ অত।

মায়া

হয়ত ...

(লুকেশের বুকে মাথা দিয়ে যেন ঘুমিয়ে পড়ে)

লুকাশ

ক্লান্ত হলে নাকি?

মায়া

চুপ! হৃদয়ের কথা শোন ... অস্ফুট

বলে সে কথা, এ যেন বসন্তের রাত।

লুকাশ

এ হবে এসব শুনে? নাই প্রয়োজন!

মায়া

বল নাই প্রয়োজন? তবে নাই কাজ প্রিয়!

নাই নাই বঁধু! নাই সুখ তায়

কান পেতে শুনে, প্রেমময়!

সমাদরে করি লালন প্রেমের হৃদয়!

আদরে তুমি যে বড় দুর্বল?

লুকাশ

আসে নি প্রেম

কভু হৃদয়ে মম। জানি না তায়,

প্রেম এত মধুর হয়!

(মায়া তাকে আদর করে বিহ্বল হয়ে, লুকাশ আনন্দ-বেদনায় কেঁদে ওঠে)

লুকাশ

হরণ করবে কি মোর মন!

মায়া

করিব হরণ!

নিয়ে তব সুর ছন্দ ভরা মন,

হৃদয় তব প্রেমমন্ত্রে করি বশ

ওষ্ঠ তব করি সিক্ত চুম্বনে,

যেন দীপ জ্বলে ওঠে,

যেন ফুল ঐ ফোটে,

বন্য গোলাপের দল আয় কাননে।

রঙ্গে রঙ্গে উতল করি আঁখির সুনীল সাগর,

যেন করে তারা জলকেলি

উজল রশ্মি উড়িয়ে ঝিলিমিলি,

ছড়িয়ে বিন্দু বিন্দু পরশ-পাথর!

(হেঠাত্ হাত তুলে)
তায় কেমনে করি উতল এই আঁখিছয়!
ফুলের সাজের বেশ নেই যে মোর হয়!

লুকাশ

ক্ষতি কি এত?
পুষ্প বিনা তব রূপ অপূর্ব অনিন্দিত!

মায়া

না, তোমার তরে
পরিব সাজ ফুলসজ্জার, বনের রানীর মত!
(মাঠের অন্য পারে হৃদের থেকে দূরে ফুলের ঝোপের কাছে ছুটে যায়)

লুকাশ

(তার কাছে গিয়ে)
থামো, থামো!
তোমা লাগি তুলি ফুল নিজ হাতে।

মায়া

(ঘোরের আবেশে)
নিশিকালে নেই রঙা ফুল ...
... রঙেরা আছে ঘুমিয়ে ...

লুকাশ

ঘাসের উপর জোনাকী অনেক, করি সংগ্রহণ,
জ্বলবে তারা কেশে তব অনুক্ষণ,
যেন তারার মুকুট পরেছ রানী মোর।
(কেয়েকটি জোনাকী ধরে মায়ার চুলে লাগিয়ে দেয়)
দেখি দেখি ... কি অপরূপ!

(আনন্দে বিহ্বল হয়ে ময়াকে জড়িয়ে ধরে)

আরো করব সংগ্রহণ। রানী মোর

আভরণে ভরিব তব কলেবর!

ঘাসের উপর জোনাকী খুঁজতে থাকে)

মায়ী

কালিনা গাছ থেকে করি কুসুম হরণ,

গাছ ঘুমিয়ে নেই, বুলবুলের সাথে তার জাগরণ।

(সাদা ফুল ছিঁড়ে নিয়ে সাজায় নিজেকে)

জলপরী

(কুয়াশার মধ্য থেকে ভেসে ওঠে। ঝোপের দিকে তাকিয়ে নিম্ন স্বরে বলে)

শিশুধন, হারানো-ধন,

জ্বালো জ্বালো দীপ এই ক্ষণ।

(ঝোপের মধ্য হ'তে দুটি ছোট আগুনের ফোঁটা ঘুরতে লাগল। রিয়ে আসল

হারানো-ধনেরা - হাতে তাদের ছোট দীপ, কখনো জ্বলছে বিশাল শিখায়,

কখনো যেন উবে যেতে যেতে নিভে যাচ্ছে। জলপরী তাদের কাছে নিয়ে

নিম্নস্বরে ঝোপের মধ্যে স্বপ্নে মগ্ন লুকাশকে দেখিয়ে বলে উঠল)

দেখ দেখ তব তাত সম ঐ জন,

মনে পড়ে, পিতা করে পরিত্যাগ তোমাদের,

কেমন ধবংস করেছিল জীবন জননীর।

ঐ জনের নেই তাই বাঁচার অধিকার।

প্রথম হারানো-ধন

ডুবিয়ে দাও।

জলপরী

নারি, নারি, আছে বনদেবের বারণ।

দ্বিতীয় হারানো-ধন

নেই মোদের শক্তি অত,
মোরা যে শিশু সদ্যজাত।

জলপরী

তোরা সদ্যজাত,
তোরা স্রোতস্নাত,
হাতে নিয়ে দীপ জাগ্রত
যেন দুই উদ্‌বিড়াল উদ্যত।
যাও গভীর গহনে বনের,
বনদেব পাবে নাকো টের,
যদিও বা পায় -
দীপালোক চোখ ঝলসায় -
এই আলো - এই আঁধার!
নিশানা হাতে নিয়ে বিদ্যুতের,
পায়ে হাঁটা মেঠো পথে মন ভুলিয়ে,
জ্বালো দীপ মাঝপুকুরে চড়ায় গিয়ে,
নিয়ে যাও তাকে যেথা পাঁকের মাথা।
দাঁড়াবে সে যেথা, তলাবে সে সেথা।
বেয়ে পড়বে দীর্ঘ পথ পিচ্ছিল
তারপর হবে আমার কাজ হাসিল।
যাও, যাও, তুরা কর।

হারানো-ধনেরা

(একে অপরের দিকে হেলে দুলে)
এই দিক ঐ দিক,

জলের পরে দিগ্বিদিক!

জলপরী

(আনন্দ ক'রে)

যাও, যাও!

(পাঁকের ধারে চলে যায়, হাত বাড়িয়ে কাঁধের উপর দিয়ে ছিটিয়ে দেয়।
মাঝপুকুরের চরার দ্বীপের পিছন থেকে পাঁকের ভিতর থেকে উঠে আসে
বামন রূপী ছোট-খাট গাঁট্টা এক ভূত।)

বামনে, বামনে,

আয় তুই সামনে।

হাতে মোর চুম দিয়ে নে!

(হাঙ্কা দোলনে হাত তুলে দেয়, বামন চুম্বন করে)

বামন

চুম কেন চাইলে পরীমণি?

জলপরী

তোর তরে প্রাতঃরাশ

যোগাড় দেব আজ, ভুলে যেন না যাস্।

(দূরে লুকাশকে দেখিয়ে)

দেখ্? কী, কেমন ভোজনের আশ?

বামন (হাত বাঁকিয়ে)

পাঁকে পড়ে নি যে জনা,

তারে দিই না মুখে, নেই স্বাদ জানা।

জলপরী

এ জন হবে তোর খাদ্য আজ

আনন্দে হারাবে তোর বউ-মা মেজাজ!

বামন ধীপের উপর লাফ দিয়ে অদৃশ্য হয়ে যায়। জলপরী জলের ধারে হারানো-ধনেদের দিকে লক্ষ রাখে। তারা আলো জ্বালিয়ে নিভিয়ে ছুটে ছুটে খেলা করে।

লুকাশ

(জোনাকী খুঁজতে গিয়ে হারানো-ধনেদের জ্বলা-নেভা আগুন দেখতে পেয়ে)

এ কী বিচিত্র জোনাকী! যেন উড়ন্ত পাখি

এমন দেখিনি কভু। যেন বিশালাক্ষী!

এদেরকে ধরা মোর চাই!

(দুটি আলোর দিকে ছুটতে থাকে লুকাশ, আলো দুটি ধীরে ধীরে পাকের

দিকে ঘোরে, অজান্তে লুকাশকে টেনে নিয়ে যেতে থাকে।)

মায়া

যেও না!

প্রিয় যেও না এদের পিছু! এরা হারানো-ধন দল।

নিয়ে যাবে টেনে রসাতল!

(লুকাশ শোনে না, আপন মনে ছুটতে থাকে, মায়ার থেকে দূরে চলে যায়)

লুকাশ

(হঠাত্ চীৎকার করে)

বাঁচাও! বাঁচাও! আমাকে!

তলিয়ে যাই যে পাকৈ!

কি বীভৎস টানে যে আটকে!

(মায়া চীৎকার শুনে ছুটে আসে, তবে নাগাল পায় না, লুকাশ ততক্ষণে

তীর থেকে অনেক দূরে ভেসে গেছে। মায়া তার পোষাকের কোমরবন্ধের

একটি দিক জলে ফেলে, অন্য দিকটি ধ'রে থাকে)

মায়া

ধর!

(কোমরবন্ধ পর্যন্ত লুকাশের হাত পৌঁছায় না)

লুকাশ

পাই নে নাগাল! কী যে হবে?

মায়া

(পাকের উপর ঝুঁকে পড়া গাছটির কাছে গিয়ে আছড়ে পড়ে)

মা আমার, বাঁচাও, বাঁচাও!

কাঠবিড়ালীর মত ক্ষিপ্ৰ গতিতে গাছের মগডালে উঠে মায়া ঝুলতে ঝুলতে আবার কোমরবন্ধ ঝুলিয়ে দেয় লুকাশকে। এবার নাগাল পেয়ে লুকাশহ ধরে ফেলে কোমরবন্ধ - মায়া অন্যদিক ধরে টানতে টানতে লুকাশকে কাছে এনে হাত ধ'রে তুলে গাছে উঠতে সাহায্য করে। জলপরী ঝোপের আড়ালে দীর্ঘশ্বাস ফেলে কুয়াশায় অদৃশ্য হয়- মিলিয়ে জায় কুয়াশায় হারানো-ধনেরাও।

লেভখুড়ো

(চীৎকারে ঘুম ভেঙে গেছে)

আঃ! কি হল? আবার অসল কোন অশরীরী প্রেত?

রাম রাম! দূর দূর!

(চারদিক দেখে)

লুকাশ, গেলি কোথায়?

লুকাশ

(গাছের উপর থেকে)

খুড়ো, আমি হেথায়!

লেভ

হেথায় কি করিস্ (কাছে এসে গাছের উপর দিকে তাকিয়ে)

গাছের উপর চড়িস্
তায় তরুনীর সাথে বসিস্!
(লুকাশ গাছ থেকে নেমে পড়ে, মায়া গাছেই বসে থাকে।)

লুকাশ

ও খুড়ো মোর!
প্রাণ নিয়ে পড়েছিলাম পাঁকে,
অজান্তে কেমন করে কোন এক ফাঁকে,
(মায়াকে দেখিয়ে)
এর দয়ায় বেঁচে গেছি জীবনের পিছুডাকে!

লেভ

কি কারণে তুই ওরে
ভূতের মত বেড়াস ঘুরে?
নিশীথ রাতে বনবাদাড়ে!

লুকাশ

জোনাকীর বিলম্বিত আভরণ
তারই সন্ধানে আছি - সর্বক্ষণ
(মাটি খুঁড়তে থাকে)

লেভ

(মায়ার চুলে জোনাকীর শোভা লক্ষ ক'রে)
ও! জানতেম বটে! বললেই হত সত্য কথা মোরে,
স্বাক্ষাত্ সমীপে বসে, তোর বিপদের কারণ এ রে!

মায়া

আমি যে দিয়ে প্রাণমন
ফিরিয়েছি ওর এ জীবন।

লেভ

তবে দেখাই তোরে

- আবার 'খুড়ো' বলা! পেত্নী কোথাকারে!

কার লাগি ও দেখল মরণের ঐ কবল

(অনুযোগের সঙ্গে মাথা নাড়ায়)

বুনো যাদুকরী! মতিগতি সত্য তোদের বড় চপল

আজ পাই একবার দেখা বনদেবের,

পাবে না ছাড় - ওকের কাণ্ডে জড়িয়ে

ছিঁড়ব দাড়ি - খণ্ড খণ্ড ক'রে

জানবে তবে! মেয়েদের পাঠায় যত্র তত্র

থাকে লুকিয়ে - তাই হারাই ধৈর্য্য মাত্র!

মায়া

(দ্রুত গাছ থেকে নামে)

না না, নেই তাঁর অপরাধ!

সর্পরানী নাগিনী দংশে যেন

দেয় শাস্তি মোরে হেন,

অসত্য হয় যদি মোর কথা কোন।

লেভ

সত্য, সত্য, এতক্ষণে হল বিশ্বাস,

বনে তোদের এই দিব্য জাগায় দৃঢ় আশ্বাস।

লুকাস

বাঁচাল আমার জীবন, খুড়ো এই ললনা,

প্রাণের হত অবসান তারে বিনা!

লেভ

ওগো মেয়ে, মন বলে কিছু নেই বটে
কায়ে তব আছে মমতা, তাই এ ঘটে,
ক্ষমা করো এ বৃদ্ধেরে, ক্রোধে কি না বলেছি তোরে।

(লুকেশের দিকে তাকিয়ে)

কেন যে

জোনাকীর তরে যাওয়া ঐ পাঁকে?
ছিল কি তারা হোথা ঐ মাঝ-দ্বীপে?

লুকাশ

কি এক উড়ন্ত আগুন বিন্দু এল!

লেড

হে হে! জানি জানি! হারানো-ধনেরা ওরা
রহো রহো, আনব কাল ভয়হারা
দাঁতাল কুকুর শাবক নৃশংস মায়াহীন,
দেখব তখন কে কোথায় ডোবায় করে!

হারানো-ধনেরা

(ব্যাঙের মত আওয়াজ ক'রে কেঁদে কেঁদে)

না, না, দাদুভাই!

নেই দোষ মোদের নেই!

পাঁকের আশে পাশে নানা

খুঁজি কুল ফল মূল

কোথা হ'তে নেই জানা

অন্য লোক হেথা বিলকুল

গভীর হতে মাথা তুলে দিল হানা,

পাঁকে টানার ইচ্ছাই ছিল না আকুল ...

মা, মাগো এবার!

সময় হল কাঁদার!

লেভ

হের, কেমন হাঁটু গেড়ে ক্ষমা চায়,

ডাইনী তনয়-দ্বয় মিথ্যাবাদী! হায়,

জানব সত্য কে দোষী এই প্ররোচনায়!

(লুকাসের প্রতি)

থাক! এবার ঘরে ফিরি, বেলা যে বয়ে যায়।

(মায়ার প্রতি)

ভালো থাকো, তনয়া!

মায়া

আবার আসবে কি কাল, তবে দেখাব সত্বরে
কোথা আছে ভাল কাঠ কুটীর বাঁধার তরে।

লেভ

দেখি,

তুমি সব প্রশ্ন সাজিয়ে করলে মোরে।

চতুর কন্যা! অনেক দেখেছি তোদেরে।

এবার আয় তোরা দেখ দেখ আমাদেরে।

চল! বিদায়!

(প্রস্থানে উদ্যত)

মায়া

(লুকাসের দিকে এগিয়ে)

পলে পলে থাকব তব প্রতীক্ষায়!

লুকাস লেভ খুড়োর থেকে পিছিয়ে পড়ে, মায়ার দুই হাত ধরে শব্দহীন

চুম্বনে বিদায় জানায়, তারপর লেভ খুড়োর কাছ পর্যন্ত দৌড়ে যায়। দুজনে বনের গভীরে যায় মিলিয়ে।

মায়া


(আপনমনে)

শেষ হবে কবে তব, হে ঘোর রজনী!
ক্ষমা করো প্রেম মোরে! কভু নাই জানি
দিনান্ত এমন, তায় সুখে ভাসি
যেমন রজনী এই, সেই সুখ হাসি!
বার্চ তুমি আজ কেন দুঃখে ভরা?
দেখ ভগিনী মোর, সুখ সীমাহারা!
ফেলো না অশ্রু, উইলো মা, জলের উপর,
দয়া করো, মায়া করো, মায়ার উপর!
পিতা মোর আদরের ঘন বন ঐ,
কেমনে বিতারি আজ রজনী এই?
এ রাত্রি ক্ষণিকের - শুধু বিরহ দীর্ঘ-ক্ষণা
কী আছে অদৃষ্টে মোর - সুখ না বেদনা?

চাঁদ বনের অন্য পাশে পড়েছে লুকিয়ে, সমস্ত মঞ্চে নেমে এসেছে অন্ধকার। কিছু দেখা যাচ্ছে না। শুধু ছাই চাপা প্রায় নিভে যাওয়া আগুন থেকে নীল শিখা ও মায়ার চুলের জোনাকীর মুকুট জ্বলছে - তার চলাফেরায় বোঝা যাচ্ছে যে, মায়া গাছের মাঝে ঘোরাফেরা করছে: মুকুট কখনো উজ্জল হয়ে তারার মত জ্বলছে, কখনো হালকা আলো - যেন দূরের নক্ষত্র। গভীর মধ্যরাত্রের নীরবতা নেমে আসে, মাঝে মাঝে শুধু শোনা যায় পাতা নড়ার আওয়াজ, যেন ঘুমের মাঝে কেউ ফেলছে দীর্ঘশ্বাস।



Ю.Камишный **“МАЙ”** 60,0 x 90,0 картон, олія 1989 р



Ю.Камішиний **“КОЛИ СОНЦЕ ПІД КРИЛАМИ”** 92,0 x 155,5 полотно, олія 2004 р

দ্বিতীয় অঙ্ক

গ্রীষ্ম শেষ হয়ে আসছে। বনের ঘন সবুজ পাতায় লেগেছে শরতের সোনালী ছাঁওয়া। বনের হ্রদের জল কমেছে, তীরের ধারের ঝোপ কিছু শুকিয়ে হেলে দুলে আরাম করে। বনের মাঝের ফাঁকা প্রান্তরে তৈরী হয়েছে একটি কুটির, ক্ষেতটি দুই ভাগে ভাগ করে এক ভাগে গমের ও অন্য ভাগে বজরার চাষ হয়েছে। বড় হাঁস সাঁতার কাটছে হ্রদে। তীরে শুকাচ্ছে চাদর, রুমাল। ঝোপের এদিকে ওদিকে কলসী, ঘটি ইত্যাদি ছড়িয়ে আছে। ঘাস নিপুণভাবে কাটা, ওক গাছের তলায় একটি ছোট মরাই। বনে অনবরত শোনা যাচ্ছে কাঠের ঘণ্টার আওয়াজ। কোথাও ভেড়া ছাগল চরছে। দূর থেকে ভেসে আসছে বাঁশির ধুন; একঘেঁয়ে অথচ কেমন যেন মাথা ঘোরানো সুর বাজাচ্ছে বাঁশি (১১,১২,১৩)।

লুকাশের মা

(কুটির থেকে বেরিয়ে এসে)

লুকাশ! কোথায় গেলি?

লুকাশ

(বন থেকে বেরিয়ে এসে, এক হাতে বাঁশি অপর হাতে নক্সা আঁকা লাঠি)

হেথায়, মা।

মা

অনেক হয়েছে ঐ বাঁশি বাজানো!

অকারণ বাদন, কাজ রইল খামানো?

লুকাশ

কি কাজ আবার?

মা

কি কথা? কি কাজ আবার?

ছিল কার কথা আস্তাবলে বেড়া বাঁধার?

লুকাশ

দেব, দেব, বেড়া বেঁধে, সবুর কর মা।

মা

কবে যে এই 'সবুর কর মা' বলা হবে বন্ধ?

হেথা হোথা ঘুরে তোর চেতনা অন্ধ

ঐ আজব জনের সাথে মিশে নেই সন্দ!

লুকাশ

কে যায় হেথা হোথা? চরাই পশুপাল,

মায়া করে সহায়তা তায়।

মা

ছাড়, ছাড়,

অমন সহায়তা ছাড়!

লুকাশ

নিজেই তো বলেছ কতবার,
মায়া যেমন করে গরুর আদর,
তাই দুধ উপচে পড়ে ভাঁড়ার।

মা

হবে না কেন - এ যে ডাইনীৰ যাদু কল!

লুকাশ

নেই জানা, কিসে পাবে তোমার মন?
যবে বাঁধছিলে কুটির, দেয় নি কি সে এনে
কাঠের যোগাড়? তোমারই সনে
বাগানটি করেছে নির্মাণ, ক্ষেতে করেছে বীজ বপণ
এমন সুফসল হয়েছে কখনো এই বর্ষে যেমন?
আর দেখে জানালার তলে ফুলের বাহার
বল, সত্য বল? জুড়ায় যে মন।

মা

রাখ তোর পোড়া ফুল! নেই তিনকুলে
ঘরে মোর বিয়ে দেওয়ার মত মেয়ে ঐ...
তোর মাথা শুধু ভরে গানে আর ফুলে,
(লুকাশ কাঁধ ঝাঁকিয়ে চলে যেতে উদ্যত)
কোথা যাস?

লুকাশ

ঐ আস্তাবলে বেড়া দিতে!

(কুটিরের পিছন দিকে চলে যায়, নেপথ্যে শোনা যায় কুড়ুলের আওয়াজ।
মায়া বন থেকে ফুলসাজে বেরিয়ে আসে, এলোচুলে।)

মা (বিরক্ত হ'য়ে)

কি চাস?

মায়া

কোথা গেল লুকাশ?

মা

কেন ফিরিস খুঁজে ওরে? জানিস না
জোয়ানের পিছে ঘোরা মেয়ের ভাল না।

মায়া

এমন বলে নি মোরে কেউ কোনদিন?

মা

তবে বারেকের তরে শোন, - হবে উপকার
(কটুদৃষ্টিতে মায়ার দিকে তাকিয়ে)
তুই কেন এমন আলুখালু এলোকেশী?
কেন যে নেই মন কেশ সাজনে
ঘুরে ফের ডাইনী-সম অযতনে।

কী এ বসনে তব অঙ্গ ভরা?
এ বেশে যায় না ঘর-কন্না করা।
আছে কিছু বসন আমার মরা মেয়ের
যা নিয়ে পরে নে - বুলছে শিকের উপর
এই বেশ ছেড়ে রাখ সিন্দুকে ভ'রে।

মায়ী

ভাল, তবে করি পোষাক বদল।
(কুটিরে প্রবেশ করে। তার ভিতর থেকে লেভ খুঁড়ো বেরিয়ে আসে)

মা

কৃতজ্ঞতার ধার ধারে না সুন্দরী!

লেভ

হল কি ভগিনী,
কেন যে বারে বারে কিশোরীরে কর দংশন?
কী দোষ করেছে সে তোমার সমীপে?

মা

ভ্রাতৃবর, রহ নীরব,
আঘাত বিনা করো নাকো কলরব!
সংগ্রহ কর যত আছে বনের ডাইনী সব।

লেভ

যদি তার বচন হত তেমন বাঁকা,
বুঝতাম তবে, এ মেয়ে যে কাঁচা সরল
যত সব 'বনের ডাইনী' বল', এ বনে ডাইনী কোথা?
ডাইনী যত থাকে ঐ গাঁয়ের বাসায়...

মা

এতই জান যবে
বশ করো... মন ভুলিয়ে তবে
ঐ বুনো ভুতকে, হয়তো বা কবে
লাগে কোন কাজে!

লেভ

নয় কেন? লাগবেই কাজে।
বুনো হলেই মন্দ না হয় সবে, -
কত দৌলত বনজাত ভবে

মা

(উপহাস ক'রে)
হবে হবে!

লেভ

অমন মেয়ে কত ভাল মানুষ হয় যে জানো!

মা

সে আবার মানুষ হল কি বটে?
মদিরার ঘোরে কিছুই নাই ঘটে!

লেভ

জানিস কি তুই? বিগত পিতামহের কথা :
জানলে পরে যাদু কথা চাবি কাঠির মত
হৃদয় যত গাছ পাথরে লুকিয়ে থাকা
জেগে ওঠে দয়া-মায়া ভরা এত।

মা

বন ছেড়ে যাবে কোন চুলোয় ডাইন-ডাইনীরা?

লেভ

ফের একই কথা তোর?
থাক সব, যাই কাজে,
নয়ত খড় চিবাতে হবে!

মা

যা, যা,
দিয়েছি কি বাধা?

লেভ কুটারের পিছনে চলে যায়, রাগে মাথা নাড়াতে নাড়াতে। মায়া নতুন
সাজে কুটার থেকে বাইরে আসে - পরণে তার মামুলি আটপৌরে অল্প নক্সা

কাটা জামা, কাঁধের কাছে তাপি দেওয়া, মোটা কাপড়ের ঘাগরা, তার উপর রং ফিকে হয়ে যাওয়া পাটের এক আবরণ, নিখুঁত করে আঁচড়ানো চুল দুই বেণীতে বেঁধে মাথার উপর দিয়ে ঘুরিয়ে খোঁপা করা।

মায়া

এলাম নতুন সাজে।

মা

এবার লাগো কাজে। যাই তবে, -
চেলা কাঠের যোগান চাই যে।
পাটের দিকেও নজর দিতে হবে,
শেষ নেই কো কত কাজ এ ঘরে,
নেই তোর কোন আগ্রহ ওরে...

মায়া

রাগেন কেন?
যা পারি তাই করি যেন প্রকারেণ।
ঠিক ঠিক, যেন তেন প্রকারেণ
গ্রীষ্মে ঠিকের কাজে গুণ নেই তোর,
তুলে দুই আঁটি খড়, তায় মাথা ঘোর-ঘোর...
যা তবে ফসল কাটতে এখন...

মায়া

(আতঙ্কে)

কি করি? ফসল কাটন?

মা

কেন নয়? মানা নেই, আজ নেই কোন পরব উৎসব।

(দরজার পাশ থেকে খড়ের পাশে রাখা কাস্তেটা নিয়ে মায়ার হাতে দেয়।)

শুরু কর, এই ধর, ধর কাস্তে হাতে।

কাজ শেষে আমি এসে যোগ দেব তাতে।

কুটারের বাইরে যায়, ছোট এক জালের মধ্যে কিছু শস্য নিয়ে। কিছু পরে শোনা যায়, চীৎকার ক'রে বলছেন, 'তু তু তু! আয়, আয়, খাবি আয়, তু তু তু!' লুকাশ কুঠার নিয়ে প্রবেশ করে, তরুন গাছের কাছে এসে কাটতে উদ্যত হয়।

মায়া

থামো, থামো, প্রিয়,

দেখ, এ যে জীবন্ত, প্রাণময়!

লুকাশ

ছাড় মোরে!

নেই যে সময় ওরে!

(মায়া করুণ চোখে তার দিকে তাকায়।)

দাও, কোথা আছে শুল্ক, দাও আমারে...

মায়া

(ক্ষিপ্ৰ গতিতে বনের মাঝে অনেক শুকনো কাঠ এনে দেয়)

আনতে পারি আরো? তোমার আছে প্রয়োজন?

লুকাশ

ভাব কি? মাত্র এই দিয়ে হয় বেড়া বাঁধন?

মায়ী

কেন যে তুমিও হ'লে আমার প্রতি রক্ষ

লুকাশ

তোমায় দেখে মায়ের ভৎসনা কর নি লক্ষ?

মায়ী

কি তাঁর বাসনা? আমাদের মধ্যে এসে তাঁর কি করণ?

লুকাশ

তা কি হয়? আমি যে তনয়, আপনজন

মায়ী

হলেও বা তনয় - তায় কি কারণ?

লুকাশ

শোন... এমন পুত্রবধু নেই তাঁদের কল্পনায়

বনজাত প্রাণের নেই সমাদর...

সু-শাশুড়ী পাবে নাকো তুমি ওঁরে!

মায়ী

এসব নেই এই বনের মাঝারে

পুত্রবধু - শাশুড়ী - এসব কিসের তরে

জানি না বুঝি না ওরে।

লুকাশ

ওঁদের প্রয়োজন পুত্রবধূর,
হয়েছে বয়স, চাই সহায়তা
পরজনেরে করা যায় না নিয়োগ
কর্মে যদিচ্ছা... চাকুরানী - হয় না দুহিতা -
সত্য বটে, এসব বুঝবেনা তোমার সরলতা
অঙ্ক তুমি, বুঝতে মানব সমাজের ক্ষুদ্র কপটতা,
হয়েছ যে বনের গভীরে লালিতা পালিতা।

মায়া

(আন্তরিকতার সঙ্গে)

বল বল মোরে, বুঝিব সব আমি
তোমায় যে ভালবাসি ... এই অন্তর্যামী
তোমার বাঁশীর গান সবই বুঝি আমি।

লুকাশ

গান! ওর মত ছোট জ্ঞান, গানেরে সবাই বোঝে।

মায়া

মনের পৃথিবীরে কোরো না অবহেলা,
এই গান হতেই মোদের প্রেমের পথ চলা!
এই মন-ফুল মায়াময় - করে সৃষ্টি নূতনের-
শুধু করে না আবিষ্কার পুরাতনের
যেন জন্ম নিয়েছে কোন আরেক অন্তর

ঐ মন-পুষ্পের সাথে পরিচয়ের পর,
ক্ষণিকে উদ্দীপ্ত হয় বিস্ময় মোর...

(হঠাত্‌ খেমে গিয়ে)

তুমি কর ব্যঙ্গ, পরিহাস!

লুকাশ

ঠিক ঠিক, বেশ হাস্যকর কাণ্ড বটে,
আটপৌরে পোষাকে আট-ঘাট বেঁধে,
করছ কখন বড়, দর্শন শাস্ত্র ঘেঁটে!

(হাসতে থাকে)

মায়া

(পোষাকের উপর হাত দিয়ে)

জ্বালিয়ে পুড়িয়ে দিই এই পোড়া বাস!

লুকাশ

যাতে মাতা মোর করেন অতীব নিন্দা, এই তব আশ?

মায়া

কি বা করি যদি শুধু এই বেশে

তোমার চোখে বদলায় মোর স্বভাৱ অবশেষে!

লুকাশ

জানতাম এই কথা!

শুরু হল দোষারোপ প্রথা

মায়া

না প্রিয়, না করি তোমায় দোষারোপ,
শুধুমাত্র - কহি, তোমার এ মহত্ত্ব
তব প্রাণদানেও হবে না বিলুপ্ত।

লুকাশ

নেই বোধ, কি যে বল তুমি?

মায়া

বড় ভালবাসি যে তোমায়
নিজেই বুঝতে নারে এ হৃদয়
চিত্ত তব সেই গানই গায়
গহন হতে বাঁশীর সুরে হয়...

লুকাশ

সে কি আমি?

মায়া

সে সুন্দরতর
তোমার শোভার চেয়ে অন্যতর,
পড়ে না ধরা কথায় মোর...

(গভীর ভালবাসায় লুকাশের দিকে তাকিয়ে ক্ষণিকের জন্য নীরব হ'য়ে)

বাজাও বাঁশী বন্ধু হরষে
অশুভ যাক তার যাদুর পরশে।

লুকাশ

নেই সময় আজ বাঁশীতে সুর তোলার।

মায়া

তবে করে প্রেমের আলিঙ্গন
ভুলিয়ে দাও এই অপ্রিয় কখন।

লুকাশ

(চারদিকে চেয়ে)

চুপ! শুনতে পাবে মাতা!
এমনি তোমাকে বলে ‘গায়ে ঢলা লতা’...

মায়া

(রেগে গিয়ে)

সে কি কথা? হয়নি লালিত তোমাদের মাঝে
যে বোঝে না তোমাদের! বলা কি সাজে
‘গায়ে ঢলা’? তোমাকে ভালবেসে এই প্রাণে?
করেছি প্রথম প্রেম নিবেদন? শরম না মেনে?
নেই দীনতা অন্তরের, প্রেমের সব ভাণ্ডার
দেখাতে কুষ্ঠা নেই, করেছি উজাড়
প্রিয়ের উদ্দেশ্যে যত আছে ধন

না করি হিসেব-নিকেশ, নিয়ে পণ!

লুকাশ

আশা এক বয়ে চলে মনের গভীরতা
কবে যে তোমায় জানাব কৃতজ্ঞতা?

মায়া

আবার শুনি কথা আজব অজানা -
'কৃতজ্ঞতা', - দিয়েছ কত উপহার,
যা চেয়েছ, মন জানে মোর,
যা দিয়েছি - সীমাহীন, যায় না গোনা ...

লুকাশ

ভাল কথা।
যখন কেহ নয় ঋণী
বলেছিলে তুমি - মনে পড়ে এখনি।

মায়া

কেন মনে রাখব সেই কথাখানি?

মা

(কুটীর থেকে বাইরে এসে)
এই তোর ফসল কাটন? আর এই তোর বেড়া বুনন?
(লুকাশ দ্রুত কুটীরের পিছনে কাঠ নিয়ে প্রস্থান করে)

চাও না মেয়ে যবে ফসল কাটতে
করি না জোর। যেমন তেমন যেথা হতে
শুছিয়ে নেব নিজে, তবে এই হেমন্তে,
বিধির দয়ায় আনব নতুন বউ ধ'রে হাতে
আছে সে এক - বিধবা বটে - বড় চটপটে,-
লোকে কতই শুধায় বার বার
আমি বলি, লুকাশ যদি রাজী এবার
থাকত তবে ... থাক সে কথা, দাও
কাস্তে আমার হাতে, নেই তো আর কেউ।

মায়া

কাটব ফসল। আপনি যান পাটের ক্ষেতে।

মা মাঠ পেরিয়ে হ্রদের কাছে গাছ-গাছড়ার আড়ালে চলে যান। মায়া কাস্তে
ঘোরাতে ঘোরাতে ফসলের কাছে বেঁকে। ফসল ক্ষেতের মাঝ থেকে উদয়
হয় স্থলপরীর, সবুজ পোষাকের আড়ালে সোনালী চুলের ঢল তার ছোট্ট
শরীর ঢেকে রেখেছে, মাথায় নীল ফুলের মুকুট, চুলে গোলাপী ও নানা
রংএর ফুলের বাহার।

স্থলপরী

(মায়াকে অনুরোধ করে)

বোন আমার, থাম এই ক্ষণ!

শস্য-শোভা করো না নিধন!

মায়া

এ মোর কর্তব্য এখন।

Ю.К. Каминский "МОЕ МОРЕ" 47,0 x 36,0 картон, олія 2005 р



শ্বলপরী

হয়েছে আমার লুঠন,
সব ফুল করে উচ্ছেদন;
ঐ সব তারা ফুল দল
গমের শস্য থেকে বিচ্যুত সকল!
ছিল পোস্তু ফুল গ্রীষ্মে রাঙা হয়ে
গেল তখন সে কালো কৃষ্ণ হয়ে,
যেন সকল জীবন রস রক্ত গেছে ঝরে
কাস্তে কুঠারের অত্যাচারে...

মায়া

ভগিনী, এ মোর কর্তব্য আজ। এ শোভা তোমার
উঠবে অনেক ফুটে আগামী বছরে আবার
আমার সুখ যদি এই ক্ষণে ঝরে
আর কভু জাগিবে না ওরে!

শ্বলপরী

(হাত ভাঙে ও যন্ত্রণায় কাঁপে, বড়ে ভেঙে যাওয়া গাছের মত)
হায়, হায়! মোর কেশ!
এ সোনার বেশ!
হায় বিধি! মোর শোভা!
কোথা শোভা মনলোভা! ...

মায়া

তোমার শোভার আয়ু নয় চিরন্তন,
বিলীন হওয়ার তরেই তার আগমন।
বৃথাই কর তুমি মোরে অনুনয়, -
আমি না হলে, অন্য কেউ করবে বিলয়।

স্থলপরী

দেখ দেখ ভগিনী ঐ খেলে তরঙ্গ
এই পার হতে ঐ পার।
বাড়াও জীবন বসন্ত কিছু সময় আর
এখনও গ্রীষ্মের আলোয় খেলে অঙ্গ
এখনও হয়নি নত শস্যভারে শির, -
যা অনিবার্য, তা আসেনি এখনও, আনন্দ নিবিড়!
এই ক্ষণ! ঐ মধুক্ষণ! সন্ধিক্ষণ, সজনী!
তারপর যাবে শোভা হারিয়ে তখনি,
মাটির 'পরে হবে নত আপনি ...
শীতের মত নির্দয় হয়ো না ভগিনী,
সে যে না শোনে প্রার্থনা, না অনুনয়খানি!

মায়া

মুক্ত ক'রে দিতেম আনন্দে তোরে
নেই মুক্তি মোর, হয়েছি পরাধীন ওরে!

স্থলপরী

(মায়ার কাঁধের কাছে ঝুঁকে চুপি চুপি বলে)

ভগিনী!

এমন ঘটে বনে বাদাড়ে অনেক সময়

হাতের 'পর তীক্ষ্ণ কাস্তের আঘাত লাগে?

ভগিনী! তখন দেখ কি বেদনা জাগে!

বিন্দু বিন্দু রক্তে মুক্তি বাঁচতে ধায়।

কে বলে? শোভা নেই রক্তরাগে?

মায়ী

স্থলপরীর কথা শুনে কাস্তে দিয়ে নিজের হতে অল্প আঘাত করে,, রক্তের

মুক্ত ধারায় স্থলপরীর সোনালী চুল ভরে যায়।)

এই দেখ! এই শোভা!

স্থলপরী মায়াকে নত হয়ে প্রণাম করে বিদায় নেয়। হৃদের ওপার থেকে মা হেঁটে আসছেন, সঙ্গে তাঁর এক তরুণী, বলিষ্ঠা রমনী, মাথায় লাল রুমাল, গাঢ় লাল রঙের সরু সরু সমান কুঁচি করা ঘাগরা, তার উপর কোঁচানো সবুজ আবরণ, আবরণের উপরে সাদা, লাল, ও হলুদ নক্সা সেলাই করা; জামায় লাল সুতোর ঘন কাজ, শুভ্র গ্রীবায় লকেট দেওয়া মালার ঝন ঝন আওয়াজে তার উপস্থিতি ঘোষণা করছে, আঁট-সাঁট জামা কাপড়ে তার গোল গাল দেহ আরো স্থূল দেখাচ্ছে। রমনী দ্রুতপায়ে অগ্নসর হচ্ছে, বৃদ্ধা মা তার সঙ্গে কোনপ্রকারে তাল মিলিয়ে হাঁটছেন।

মা

(নম্রভাবে রমনীর প্রতি)

যাও কিলিনা, দেখ ঐ গাছের অন্তে
আছে সবুজ ঝোপ। তার অপর প্রান্তে -
দুধেল গাই, তোমার ইচ্ছা কর তার দোয়ন? -
দুধ দেবে আরো বেশী, খুশি খুশি মন।

কিলিনা

দুধের সরোবর, দুধ এত, পাত্র ভরি ভরি!
হাট বসলে পরে কিনব কলসি হাঁড়ি,
গাই যে মোর ঐ তুর্কী খামার হ'তে,
গত স্বামীবর কবে করেছিল ক্রয় - দুধেল,
সে কি দুধেল! অনেক সময় ধরে
মাঠে কাজ করেছি যে, এক্ষণে এবারে
গুছানো প্রয়োজন ঘর। হায়, মরি,
ভর্ত্বহীনা - তাই দুজনের শ্রম একে করি!
(আফশোসে ঠোঁট ফোলায়)

মা

হায়, দুহিতা মোর, মাঠের কাজ শেষ তোর এবছরে?
যেমন কাজ, ফল হবে সেরকম তার ফসলে ভরে
ছোট এই ... আমাদের জমি এক চিলতে
তায় বিধি দেয় নি শক্তি হাতে...

কিলিনা

(জমির দিকে তাকিয়ে, মায়া যেখানে দাঁড়িয়ে আছে)

কে ঐ মানবী কাস্তে হাতে নিয়ে?

মা

আছে সে এক অনাথিনী...

(নিঃস্বরে)

ও এক, ক্ষমা কর বিধি, নিষ্কর্মার রানী...

কিলিনা

(মায়ের সঙ্গে মায়ার কাছে গিয়ে)

শুভদিন কন্যা! কেমন ফসল হল কাটা?

মা

(দুই হাত ঘুরিয়ে)

হায় হায়! এখনো করেনি শুরু!

কি আছে কপালে! কি কাজে ছিলে মত্ত?

নিষ্কর্মা! অলসিনী! অপদার্থ!

মায়া (ধীরে)

লেগেছে হাতে আঘাত...

মা

কাজ খালি হাতে আবার আঘাত কিসের!

কিলিনা

দাও দাও কাস্তে, দেখি কি করি!

(মায়ী কাস্তে লুকিয়ে অসন্তোষে কিলিনার দিকে তাকায়।)

মা

দাও কাস্তে, ওটা তোর জিনিষ নয়!

মায়ার হাত থেকে কাস্তে কেড়ে নিয়ে কিলিনার হাতে দেন, কিলিনা
ফসলের উপর উপড় হয়ে পড়ে কাটতে থাকে, যেন আগুন জ্বলছে,
প্রত্যেক আঘাতে খড় কচ্ কচ্ কাটছে)

মা

একে বলে কর্মযোগ!

কিলিনা

(কাজে নিমগ্ন থেকে)

যদি কেউ

ফসলের আঁটি বেঁধে করে সহায়তা

সব জমির ফসল তুলি এক শ্বাসে হেথা!

মা

লুকাশ, আয় হেথা!

লুকাশ

(বেরিয়ে এসে, কিলিনার প্রতি)

নমস্কার, ভগবান মঙ্গল করুন!

কিলিনা

সবই তাঁর দয়ার লিখন।

মা

লুকাশ দাও হাত তরুনীরে
ফসলের আঁটি বেঁধে দিতে
আর এক ‘সহায়িকা’ পশু আঘাতে।
লুকাশ আঁটি বাঁধতে প্রস্তুত হয়।
ফসল তোল, সোনা মোর, যাই এই বেলা,
দুপুরে তোদের তরে ফল-পায়েস পাচন-পালা।
(কুটারে প্রবেশ করে)

মায়া বার্চ গাছের পাশে দাঁড়িয়ে হেলান দিয়ে ডালের আড়াল থেকে ফসল তোলা লক্ষ করে। কিলিনা কিছুক্ষণ মন দিয়ে কাজ করে উঠে দাঁড়াল। আড়মোড়া ভেঙে আঁটি বাঁধা শস্যের উপর ঝুঁকে পড়া লুকাশকে লক্ষ করে দেখতে দেখতে মৃদু হাসে, তিন চার পা এগিয়ে তার কাছে এসে কাঁধের উপর হাত রেখে বলে।

কিলিনা

এই, তুমি, যুবক ক্ষিপ্র অতি!
শামূকের মত গড়াও! তায় বিশাল ভারী!
(হাসিতে গড়িয়ে পড়ে)

লুকাশ (উঠে দাঁড়িয়ে)

আহা, যেন কত তুমি বিদ্যুত দ্রুত!

করো না বিরক্ত, লাগবে লড়াই যুদ্ধ!

কিলিনা

(কাস্তে ফেলে দিয়ে, কোমরে হাত দিয়ে)

দেখি দেখি! লড়বে? কে কারে হারায়?

লুকাশ কিলিনাকে আক্রমণ করে, কিলিনা তার দুই হাত ধরে ফেলে; শক্তি পরীক্ষা করে দুজনে, হাতে হাতে ধরে; কিছুক্ষণ শক্তি সমান সমান থাকে, তারপর কিলিনা পিছিয়ে যায়, খুব হাসতে হাসতে চোখ ঘুরিয়ে চঙ করে, লুকাশ উদ্দীপ্ত হয়ে তার হাতদুটি বশে এনে চুম্বন করার চেষ্টা করে, কিন্তু সেই মুহূর্তে কিলিনা সজোরে লাথি মারে, লুকাশ পড়ে যায়।

কিলিনা

(পড়ে যাওয়া লুকাশের পাশে দাঁড়িয়ে)

কি হল? কে জিতল? আমি বটে।

লুকাশ

(ক্লান্ত স্বরে, নিঃশ্বাস ফেলে)

লড়াই - এ কি ছোঁয়া-ছোঁয়া খেলা?

কিলিনা

তাছাড়া আবার কি?

কুচীরের দরজা খোলার আওয়াজে কিলিনা আবার ফসল কাটতে থাকে; লুকাশ আঁটি বাঁধতে থাকে। জমি বিশাল বিশাল আঁটিতে ভরে যায়; শুধু কিছু শস্য আঁটি ছাড়া এলোমেলো ছড়িয়ে থাকে।)

মা

(দরজার চৌকাঠে দাঁড়িয়ে)

এসো ফসল কাটুরে, মধ্যাহ্ন ভোজনে।

কিলিনা

আমার কাজ করি শেষ, তবে

লুকাশের এখনো শেষ নাহি হবে।

লুকাশ

দেরী নেই আর।

মা

ভাল, কর শেষ; আর তুমি কিলিনা, এস হেথা!

কিলিনা কুটীরে প্রবেশ করে। দরজা বন্ধ হয়। মায়া বাঁচ গাছের পাশ থেকে বেরিয়ে আসে।

লুকাশ

(মায়াকে দেখে বেশ ইতস্তত: করে, পরে সামলে নিয়ে)

ও তুমি? বাঁধ এই আঁটি,

আসি ঘুরে আমি।

মায়া

না জানি বাঁধতে আঁটি।

লুকাশ

কেন হেথা এলে শুধু করতে দর্শনা,
নেই কো কোন সহায়তার বাসনা।
(নিজেই আঁটি বাঁধে)

মায়া

লুকাশ, শোন,
এই মেয়েটি যেন এখানে না আসে কখনো, -
ভাল লাগে না আমার, - মনটা তার কুটিল,
যেন সাপের মত পিচ্ছিল।

লুকাশ

তুমি যে জান না তারে এখনো।

মায়া

জানি, জানি। দেখেছি খেলন হাসি, শুনেছি আওয়াজ।

লুকাশ

তাতেই করেছ বিচার, এ নয় উচিত কাজ।

মায়া

আমার মনের কথা, নয় কি যথেষ্ট
এই নারী হিংস্র, বাঘিনীর মত।

লুকাশ

আর কি?

মায়া

না আসে যেন এই বনে আর।

লুকাশ

(উঠে দাঁড়িয়ে)

এ বনের রানী নাকি তুমি?

দাও নির্দেশ কোন জন

আসবে আর কার আসা বারণ?

মায়া

(করুণ স্বরে)

দেখ না, বনে আছে এমন খাদ,

ঝোপঝাড়ের আড়ালে ভীষণ ফাঁদ, -

দেখে না পশু, দেখে না মানুষ,

যতক্ষণ হয় না পড়ে বেহুঁস ...

লুকাশ

ছি, তুমি কর কলরব

নিন্দা হিংস্রতার কুটিলতার - হও নীরব!

আজ দেখি, ঠিক চিনতে পারিনি তোরে।

মায়া

আমি নিজেই চিনি নে আমায় ...

লুকাশ

শোন তবে: কে যাবে কে আসবে
আমার কাছে হেথা, নির্ধারিত হবে
তোমার আদেশে? তার চেয়ে বন ছেড়ে
যাব গাঁয়ে ফিরে মানুষের মাঝে।
থাকব না তোমার শিকার হয়ে
ফাঁদে পড়ে এ অরণ্যে।

মায়া

তোমার তরে রাখিনি যে বুনে
কোন ফাঁদ-জাল। এসেছ আপন মনে।

লুকাশ

আপন মনেই যাব চলে, যেই হবে বাসনা,
মোরে কেউ ধরে বেঁধে রাখতে পারবে না!

মায়া

কখনো চেয়েছি কি তোমায় রাখতে বেঁধে?

লুকাশ

তবে কেন অথহীন এই সব কথা?

শেষ আঁটিটি বেঁধে মায়ার দিকে না তাকিয়ে কুটীরে প্রবেশ করে। মায়া সেই
বিশাল শস্যস্তুপের উপর বসে ভাবনায় মগ্ন হয়।

লেভখুড়ো

(কুটীর থেকে বাইরে আসে)

কি হল অভাগিনী, এত কি ভাবনা?

মায়া

(ধীরে করুণস্বরে)

গ্রীষ্ম যায় চলে ...

লেভ

তোমার তরে

এ ভাবনা কঠোর সত্য। বলে যে মন

এ শীতে ওই বার্চে আবাস তব নেই প্রয়োজন

মায়া

কোথা যাব আমি তবে?

লেভ

ভাবি মনে মনে,

যদি হতে লক্ষ্মী বধু এ গৃহ-অঙ্গনে ...

ভগিনীর হাব-ভাব দেখে সংশয়

তার মন পাওয়া দুষ্কর, কত সময়

করেছি চেষ্টা। হতাম যদি ঘরের মাথা

ধার ধারিনা কারুর কথা;
তবে দিয়েছি যে গৃহ জমি তাদের সমর্পণে,
নেই তাই অধিকার। নিজেই যাব গাঁয়ে
কাটাতে এই শীত, আপন নীড়ে ...
যাবে কি মোর সাথে সেথা,
নিয়ে যাব তবে তোরে।

মায়া

না, না, পারব না থাকতে গ্রামে ...
পারব না, মাথা খাও, দয়া করো মোরে ...

লেভ

দয়ালু ঐ শস্য, যা হতে রুটি, নয় মানুষ, কন্যা মোর,
বলি সত্য, দয়ায় ভরা বনজাত যা কিছু প্রকৃতির
বড় ভালোবাসে আমায়, অন্তিম ইচ্ছা তাই
পশুর মত দেহান্তের কালে আসব বনে এই, -
ওক গাছের তলায় দিও সমাধি আমায়
হে ওকবর, থাকবে কি তুমি তখনো দাঁড়িয়ে
পঙ্ককেশ এই শির হবে যবে গত? ...
এ জীবনে দেখেছি অনেক বড় ওক গাছ,
তারাও টিকতে না পারে ... যে সবুজ আজ
কুঙ্ককেশ পাতা ভরা, সে কি শীত করবে যাপন?
এ বন্ধু, - দেবে কি বিধি তোরে বসন্ত পর্যন্ত জীবন?
(হেলান দিয়ে দাঁড়িয়ে থাকে)



মায়া ধীরে ধীরে শস্যের ভিতর থেকে নেতিয়ে পড়া ফুল বেছে বেছে এক
গুচ্ছে সংগ্রহ করে। কুটীর থেকে বেরিয়ে আসেন মা, কিলিনা ও লুকাশ।

মা

(কিলিনার প্রতি)

কোথা যাও সত্তরে?

বস আর কিছুক্ষণ!

কিলিনা

না গো মা, যাই ত্বরা করি,
হল সন্ধ্যা, দেখ - ভয়ে মরি।

মা

লুকাশ, দাও পথ দেখিয়ে।

লুকাশ

নিশ্চয়, নিশ্চয়।

কিলিনা

(লুকাশের দিকে তাকিয়ে)

থাক, থাক। হয়ত আছে অন্য কিছু কাজ ...

মা

কি কাজ সন্ধ্যাকালে?

যাও, যাও পুত্র মোর

পথ দেখাও আঁধারে ঘোর।
ঐ নিশীথেই বনে বড় ভীতি
ও যে সুন্দরী রমনী অতি
যেন কেউ না হানে আঘাত ওর 'পর।

কিলিনা

বয়:জ্যেষ্ঠ মা গো,
এ কথাটিতেই ডরালে ভয়ানক!
লুকাশ, চল রাত হয়নি এখনো অনেক,
পরে দুজনেই হারাব প্রাণ।

লুকাশ

আমি কেন ভয় পাব বনে?
হয়ত বা কিছু ভয় আছে মনে মনে।

মা

ও আমার সোনার ছেলে, বীর নির্ভীক
কিলিনা, মানহানি কোরো না ওর অধিক।

কিলিনা

(লেভকে প্রণাম ও সম্মান দেখিয়ে)
ও লেভ খুড়ো! তুমি এলে ঘরে?

লেড

(শুনতে না পেয়ে)

হাঁ, ভালো থেকো।

(বনের ভিতর প্রবেশ করে)

কিলিনা

ভাল থাকবেন, জ্যেষ্ঠ মা!

বয়োজ্যেষ্ঠার হাতে চুম্বন করতে যায়, বৃদ্ধা দেন না হাত, আবরণ দিয়ে ঠোঁট মুছে তিন বার 'আনুষ্ঠানিকভাবে' কিলিনাকে সম্ভাষণ করেন।

কিলিনা

(যেতে যেতে)

ভাল থাকবেন, আমাদের মনে রাখবেন!

মা

আনন্দে সুখে থাকো, আমাদের কাছে এস!

(গৃহে প্রবেশ করে দুয়ার বন্ধ করেন।)

মায়া ক্লান্ত পায়ে ধীরে হৃদের কাছে গিয়ে নুয়ে পড়া বার্চ গাছের তলায় বসে, দুই হাতে মাথা ঢেকে নিঃশব্দে কাঁদে। তার অশ্রুর সঙ্গে যেন তাল মিলিয়ে বিন্দু বিন্দু বৃষ্টি শুরু হয়, তার জলীয় জালে ঢেকে দেয় মাঠ, বন ও কুটীর।

জলপরী

(সাঁতার কেটে তীরে এসে অবাক হয়ে)

মায়া, তুমি? কর ক্রন্দন?

মায়া

জলপরী, কখনো কি
ঝরিয়ে অশ্রু, কর নি রোদন?

জলপরী

আমি!

ঝরলে অশ্রু মোর কোন কুম্ভণে
আমৃত্যু করিবে হাস অন্য জনে।

মায়া

জলপরী! তুমি ভালবাসনি কভু কারে...

জলপরী

ভালবাসিনি আমি? না, হয়েছে তোমার বিস্মৃতি,

কেমন হয় প্রকৃত প্রেমের প্রকৃতি!

প্রেম - যেন জলধারা - কোমল, দ্রুতগতি,
দেয় খেলায়, আদরে আলিঙ্গনে ডুবিয়ে অতি!

যেথা তাপ - সেথা সে তপ্ত, যেথা হিম
সেথা সে স্থবির মর্মর। এ হল আমার প্রেম!

তোমার খড়ের রাজ্যের চপলতা
ছেলেখেলার মত। বাতাসে হেলে দোলে অঙ্গ

চরণে লোটায় বিনয়ে। দেখে ঐ স্ফুলিঙ্গ
জ্বলে ওঠে, না ক'রে বিজয়, তাই অবশেষে
থাকে অবশিষ্ট পোড়া ধূসর ভস্ম।
যবে নেই অনুরাগ, উচ্ছিষ্ট সম,
থাকে পড়ে অবজায়, কাঠ-কুটো যেন
পচে হিম জলে এক-তরফা প্রেমের বেদনায়
অনুতাপের বিলম্বিত বৃষ্টিতে ভিজে ভিজে।

মায়া

(মাথা তুলে)

বল - অনুতাপ? শুধাও বার্চ বৃক্ষে
করে কি সে অনুতাপ যবে সেই রজনী,
বসন্তের মদির পবন ভেসে এসে
খুলে দেয় তার দীর্ঘ বেণী?

জলপরী

তবে সে দুঃখে কেন ভরে?

মায়া

প্রিয়েরে করতে পারে না আলিঙ্গন
দীর্ঘকেশ শাখা দিয়ে চিরন্তন।

জলপরী

কি কারণ?

মায়া

প্রিয় তার - সে যে বাসন্তী পবন।

জলপরী

কেন তার ভালোবাসা অমন জনেরে?

মায়া

ছিল যে সে কোমল সুরম, বসন্তের হাওয়া,

গানে তার জাগল শাখায় সবুজ পাতা

প্রেমভর দিঠি দিয়ে খুলে শাখাবেণী,

আদরে শিশির শিক্ত করে কেশখানি ...

ছিল ছিল ... প্রকৃত প্রেমবর ঐ বসন্ত পবন

অন্যতর প্রেমের ছিল না প্রয়োজন।

জলপরী

করুক তবে ক্রন্দন দিনভর

এ ধরিত্রী 'পর, পবনকে ধরা দুষ্কর

গেছে চলে সে যে চিরতর।

জলপরী ধীরে, জলে তরঙ্গ না তুলে সাঁতার কেটে তীর হতে অদৃশ্য হয়ে যায় হৃদের গভীরে। মায়া অচল হয়ে বসে থাকে, দীর্ঘ কৃষ্ণ কেশ মাটিতে লোটায়। হাওয়ায় উড়ে আসে ধূসর মেঘ, তার সাথে কালো পাখীরা ঝাঁকে



Ю. Камішинський згур. Згайрка червоних партизанів

Ю. Камішинський "Згайрка червоних партизанів", 70,0x50,0, полотно/олія, 2010 р.

ঝাঁকে চক্রে উড়তে থাকে। দুরন্ত ঘূর্ণি হাওয়ায় মেঘ উড়ে যায়, বনের
অন্তরাল স্পষ্ট হয়ে ওঠে - দেখা যায় ঘননীল অস্বরের প্রেক্ষাপটে শরতের
জমকালো সাজ।

মায়া

(অস্ফুট স্বরে, গভীর দুঃখে)

ঠিক ... গেছে সে চিরতরে ...

বনদেবের জঙ্গলের ভিতর থেকে প্রবেশ। ঘন লাল পাড় দেওয়া পুরানো
সোনার রঙের লম্বা জোকা তার পরণে, টুপির চারদিকে বুড়ো হয়ে যাওয়া
খমেল লতা জড়ানো।

বনদেব

তনয়া মোর

কি কঠিন শাস্তি বিশ্বাস হননের!

মায়া

কার বিশ্বাস করেছি হনন?

বনদেব

আপন আপনারে।

উচ্চশাখা চ্যুত হয়ে

নিম্নে এসে তুচ্ছ পথে।

কার সম হয়েছ আজ? ক্রীতদাসী,

কঠোর শ্রম করে অসি

ছোট সুখের মোড়কের অংশ চায় ভাঙি

পায় না সেই খণ্ড, তাই চরম শরম,
হতে পারে না সে দীন ভিখারী।
মনে পড়ে, সেই রাত কেমন ছিল
যবে প্রেম অনুরাগ ফুটল উতল
বনের রানী হয়ে ছিলে সেই বেলা
ঘন চূলে সব তারকার খেলা, -
সুখ তার কৃপন হাত তখন
করেছিল কত উপহার জ্ঞাপন!

মায়ী

কি যে করি, যবে গেছে নিভে সব
ছিল যত তারা হৃদয়ে মুকুটে আমার।

বনদেব

নয় সব মুকুট হয়েছে বিলীন
দেখ চেয়ে এখনো উৎসবে লীন!
শারদ রাজ সাজে স্বর্ণবর্ম 'পরে,
বুনো গোলাপ লাল হয় প্রবালের রঙে।
নিষ্পাপ ব্যথা ঘনিয়ে হল গর্বে নীলাঞ্জন
ঐ রক্ত কালিনা গাছে, যার ফুলে শোভন
করেছে তোমায়, যেথা বুলবুল গেয়েছে গান,
বৃদ্ধা ঐ উইলো, কিবা ধূসর বার্চ তরু
সোনালী লাল পাতায় সাজে
এ হেমন্ত উৎসবে। শুধু তোমার প্রাণ

ভিক্ষু-বস্ত্র না ছাড়িতে হয়
গেছ ভুলে সত্য সেই, তুচ্ছ ব্যথা যত
সুন্দরের আনন্দকে করে না পরাজিত ।

মায়া

(ধীরে ধীরে উঠে দাঁড়ায়)

দাও মোরে উৎসবের পরিধান তবে ।
পুনর্বীর হয়ে উঠি বনের রানী যবে
সুখ এসে লুটাবে পদতলে হয়
করে অনুনয়, আদর ভিক্ষা চায় ।

বনদেব

দুহিতা,

কতকাল পড়ে আছে সাজ, নেই রানী
কোথা সে যে আছে মেতে নাই জানি
ভিক্ষুর বেশ পরে, কেমন চপলতা ।

বনদেব নিজের জোব্বা খুলে সুন্দর সোনালী জরি দেওয়া রানী রঙের জামা
ও রূপালী ওড়না বার করে। মায়ার পোষাকের উপরই পরিয়ে দেয়। মায়া
কালিনা গাছের কাছে গিয়ে তার ছোট লাল ফল তুলে একটি মুকুট তৈরী
করে চুল এলো করে তার উপর সাজায়, মাথা নীচু করে বনদেবের কাছে
এসে। বনদেব রূপালী ওড়না দিয়ে তার মাথা ডেকে দিয়ে আশীর্বাদ করেন।

বনদেব

আর তোমার তরে ভয় নেই মোর ।

মায়ার দিকে মাথা নাড়িয়ে দ্রুতপায়ে ঝোপ ঝাড় পেরিয়ে জঙ্গলের গভীরে
চলে যায়।

বনের গহ্বর থেকে উদয় হয় অরণ্যাসুর।

মায়া

আবার এলে তুমি?
(প্রস্থানের চেষ্টা করে)

অরণ্যাসুর

পাসনে ভয়, তোর কাছে নয়,
খুঁজি স্থলপরীকে ক্ষেতময়,
দেখি গেছে সে ঘুমিয়ে। হায়, হায় ...
তোর অমন ক্লান্ত কেন কায়?

মায়া (দস্ত সহকারে)

সে তোর মনে হয়!

অরণ্যাসুর

মনে হয় বলিস? দেখি তবে।
(মায়ার কাছে আসে, মায়া পিছিয়ে যায়।)
হল কি তোর? চমকাস্ কেন? জানি জানি,
আছে তোর প্রিয়তম - তোরে ছোঁব না আমি।

মায়া

যা, যা, দূর হ! রাখ বিদ্রূপ!

অরণ্যাসুর

রাগ কেন? কি হল,
ভুল করেছি আগে ... শোন, মায়া,
আবার বন্ধু হতে আয়।

মায়া

তোর সাথে?

অরণ্যাসুর

ক্ষতি কি? এখন এই হেমন্ত
দেখ সূর্য্য গেছে ঠাণ্ডা হয়ে,
ধমনীতে রক্ত হয়েছে শান্ত।
যবে ছিলাম একসাথে, করি আমোদ,
খেলা কিবা ভালোবাসা, - নেই বোধ, -
এখন সময় মিত্রতার হাতে হাত দিয়ে।
(মায়া দ্বিধার সাথে হাত বাড়িয়ে দেয়।)

দাও দাও করিতে সুহৃদ চুম্বন
তোমার মলিন ক্লান্ত অধরে।
(মায়া মুখ ফিরিয়ে নেয়। তবুও সে চুম্বন করে।)

আ: ফুলের মতন

উঠল ফুটে মুখের শোভা এমন!

শর্মিল, গন্ধহীন হৈমন্তিক ফুল যেন ...

(হাত না ছেড়ে দিয়ে বনের এদিকে ওদিকে তাকিয়ে)

দেখ দেখ কেমন ওড়ে উর্নাত জাল,
ঘুরে ঘুরে বৃত্তাকারে হাওয়ায় হাওয়ায়
যেমন আমরা দুজনে
হেঁঠাত্ নাচে মেতে ওঠে)
আমরা তেমনে
নেচে কুঁদে
ঘুরি আপন মনে!
ঐ তারা রত্নাবলী
স্ফুলিঙ্গ সোনালী,
রক্তলাল অগ্নি রশ্মি জ্বালি
যা কিছু করে জ্বল জল
য কিছু উড়ন্ত চঞ্চল
যা কিছু অশান্ত গতিতে উচ্ছল!
তেমনই আমি এই
তেমনই আমি এই
অগ্নিকণা হয়ে ওঠ, প্রিয় আমার!

দ্রুতগতিতে নাচ চলে। মায়ার রূপালী ওড়না ওড়ে; আর সাপের মত কালো
চুল অরণ্যাসুরের আগুন লাল চুলের সঙ্গে মিশে যায়।

মায়ী

থাম! অনেক হয়েছে। থাম।

অরণ্যাসুর

সূচনাতে প্রিয়া

থেমো না, থেমো না, ক্ষণিকেও ত্বরা!
সুখ - সে যে বিশ্বাস হনন,
কর আনন্দ ভরে মন, -
তাই আনন্দ তায়, উড়ন্ত সে সর্বক্ষণ!
(নৃত্যের উন্মাদনায় মাতে)
নৃত্যে ঘুরে ফিরে!
মিলি মিশে ঘুরে!
বাতাসে ঘুরে উড়ে!
জীবনের প্রাণে!
জীবনের টানে!
খাঁজি আগেয় স্বৰ্গস্বপ্ন!

মায়া

থাম, থাম, ছাড়, ছাড়, দোহাই তোমারে।

(মায়ার মাথা **অরণ্যাসুরের** কাঁধের উপর পড়ে, হাত অবশ হয়ে যায়,
বনকুমার ছোট্টে তাকে পিঠে নিয়ে নেচে নেচে।)
মাটি ফুঁড়ে উঠে আসে এক ছায়ামূর্তি

ছায়া

দাও আমারে মোর ধন।

ছাড় ওরে এখন।

অরণ্যাসুর

(থেমে মায়াকে ছেড়ে দেয়; মায়া ঘাসের উপর বসে পড়ে)

কে তুমি?

ছায়া

চেন না মোরে?

আমি যে ঐ 'পাথরে-বসে-থাকা'।

অরণ্যাসুর শিউরে ওঠে, হঠাত্ বনের মধ্যে অদৃশ্য হয়ে যায়। মায়া আস্তে আস্তে চোখ খোলে, ছায়াকে দেখে ভয়াবহ দৃষ্টিতে, ছায়া হাত বাড়িয়ে দেয়।

মায়া

না, যাব না, যাব না,
যাব না তোর কাছে। আমার
এখনও আছে জীবনে প্রাণ।

'পাথরে-বসে-থাকা'

নিয়ে যাব তোরে সুদূর পারে
অচিন দেশে যেথা শান্ত কালো জল
গভীরতায় সুপ্ত, যেন প্রাণ-দৃষ্টিহীন আঁখি,
নীরব গিরি শিলা প্রহরায় থাকি
বিগত ঘটনাছবির হয়ে মুক সাক্ষী।
সেথা শান্ত সব: না তরু না পাতা
নাহি করে কলরব, বহে না স্বপ্নের বার্তা,
বিফল স্বপনের, যা কেড়ে নেয় নিদ্রাঘোর,
বাতাসে বহে না কোন গান, কোন সুর
না পাওয়া মুক্তির; জ্বলে না কখনো

আগুন সর্বভুক; তীক্ষ্ণ বিদ্যুৎ কণা
পাথরে আঘাত খেয়ে হয় খান খানা
ভেদ করে না আঁধারের গভীর নীরবতা।
লব তোরে আমি। তোমার স্থান সেথা:
আগুনে মলিন হত, চলনে ক্ষীণা
তোমার তরে আনন্দ ছায়া, তুমি প্রাণহীনা।

মায়া

(উঠে দাঁড়ায়)

না! আমি চিরজীবী! আছে মোর প্রাণ!
হৃদয়ে থাকে সে, যার হয় না হনন।

ছায়া

উপনীত হও এ সত্যে কেমনে?

মায়া

এই যে বেদনা মোর
ভালবাসি প্রাণ ভরে, দিয়ে তারে জীবন।
আকাঙ্ক্ষা ছিল যদি বেদনা বিস্মৃতির
যেতাম তোমার সাথে তখন,
নেই সেই শক্তি এ জগতলোকে
ভুলায় বেদনা ঐ মোর মন হতে।
(বনে মানুষের পদক্ষেপের আওয়াজ শোনা যায়।)
ঐ আসে সে যে, যে মোরে দিয়েছে এই ব্যথা

যাও চলে ছায়া! আশা মোর আসে হেথা!

‘পাথরে-বসে-থাকা’ ঘন অন্ধকারে অদৃশ্য হয়। বনের ভিতর থেকে বেরিয়ে আসে লুকাশ। মায়্যা এগিয়ে যায় তার দিকে। মৃতের মত তার রক্তহীন মুখ জমকালো পোষাকের প্রেক্ষাপটে আরো প্রকট হয়ে ওঠে; হঠাৎ জ্বলে ওঠা আশার আলোয় তার কালো দুই চোখ বিশাল বড় হয়ে ওঠে, নড়া চড়া তার খাপছাড়া, যেন কোন কিছু শুরু হতে হতে শেষ হয়ে যাচ্ছে।

লুকাশ

(মায়াকে দেখে)

কী ভয়ানক! কী চাই আমার কাছে?

দ্রুত কুটারের দিকে গিয়ে দরজায় আঘাত কতে, মা বাইরে না এসে দরজা খুলে দেন। লুকাশ মাকে উদ্দেশ্য করে চৌকাঠ থেকে বলে ওঠে।)

মা, গুছিয়ে রাখ উপহার ঘটকের তরে, -

কাল যাব কিলিনার ঘরে!

(কুটারে প্রবেশ করে দরজা বন্ধ করে দেয়।)

‘পাথরে-বসে-থাকা’ বেরিয়ে এসে মায়ার দিকে এগোয়।

মায়্যা

(জমকালো পোষাক খুলে ফেলে)

নিয়ে চল মোরে! সব স্মৃতি যাক মুছে।

‘পাথরে-বসে-থাকা’ মায়াকে ছোঁয়; মায়্যা চীৎকার করে তার হাতে লুটিয়ে পড়ে, সে তার কালো জোব্বা দিয়ে মায়াকে ঢাকা দেয়। দুজনেই মাটিতে হয় বিলীন।



Камышин Ю 2003

Ю. Камішний "Погляд крізь пальці", 50,0 x 70,0, молатно/олія, 2010 р.



তৃতীয় অঙ্ক

হেমস্তের ঝড়ের রাত, আকাশ মেঘলা। পাতাবিহীন শাখাপ্রশাখার আন্দোলনের মাঝে হলুদ হয়ে যাওয়া চাঁদের শেষ জ্যোতি নিভে গেল। কালপেঁচার আর্তনাদ, লক্ষীপেঁচার উল্লাস আর বিঁবিঁপোকাকার একঘেঁয়ে কাঁদুনি গান শোনা যায়। এই সব আওয়াজ ছাপিয়ে ভেসে আসে নেকড়ে বাঘের গভীর বেদনার গর্জন। তীর থেকে তীরতর হয়, তারপর হঠাত্‌ থেমে যায়। নেমে আসে নীরবতা।

হেমস্ত শেষের স্নান রোগজীর্ণ উষা। বন্য শূকরের তীক্ষ্ণ রোমশ ত্বকের মত পাতাবিহীন আভরণহীন অরণ্য ধূসর আকাশের দিকে চেয়ে আর স্বপ্নজাল বোনে না, নীচে বনের গভীরে বিরাজ করে খেয়ালবিহীন অশুভ অজ্ঞতার আঁধার। লুকাশের কুটারের দেওয়ালগুলি দেখা যায়। এক দেওয়ালের ধারে কালো ছায়ামূর্তি, ক্লান্তিতে শ্রান্ত হয়ে দরজার গায়ে হেলান দিয়ে দাঁড়িয়ে আছে, মায়াকে যেন এই পোষাকে চেনাই যায় না। কালো পোষাক, তার উপরে ঘন ধূসর পিস্সল আবরণ, শুধু বুকের উপর লকেটের মত রক্তিম কালিনা ফলের গুচ্ছ এক মুঠো রক্তপ্রবালের মত ঝুলছে। আরো আলো ফুটে উঠলে বনের ছোট প্রান্তরে দেখা যায় বিশাল গাছের কাণ্ডের ভগ্নাংশ, - ঐ শতায়ু ওক গাছটি ছিল সেখানে দাঁড়িয়ে, তার অদূরে এখনো ঘাস গজায় নি, সব খোঁড়া এক সমাধি শেষকৃত্যের পরে মাটির স্তূপে ঢাকা। বনের ভিতর থেকে বেরিয়ে আসে বনদেব, তারও পরণে ধূসর জোকা, মাথায় পশমের টুপি।

বনদেব

(কুটারের সামনে দাঁড়ানো ছায়ামূর্তির দিকে তাকিয়ে)

কন্যা, তুমি?

মায়া

(তার দিকে কিছু এগিয়ে)

আমি।

বনদেব

ফিরিয়ে দিল কি ভেবে

তোরে 'পাথরে-বসে-থাকা'?

মায়া

আপন পাপের জোরে করেছ মুক্ত তুমি মোরে।

বনদেব

প্রতিশোধকে পাপ বল তুমি,

উচিত শাস্তি যা দিয়েছি আমি,

তোমার কুটিল নিষ্ঠুর প্রণয়ীরে?

সত্য যে সে জেনেছে, চিনেছে আজ,

শাস্ত বনের হতাশ অভিশাপ

পিশাচ রূপে ঘুরে ঘুরে ফেরে?

বেশ বেশ! আজ 'পরে উল্লুকের বেশ

করে গর্জন, আবেদন, রোদন,

করে মানুষের রক্ত শোষণ,

যন্ত্রণার তার নেই শেষ।

মায়া

করো না বাহবা,

বাঁচিয়েছি তারে। পেয়ে অন্তরে

শব্দ মন্ত্র চাবিকাঠি সেই

জীব হতে মানুষে ফিরিয়ে দিই এই।

বনদেব

(রাগে মাটিতে পা ঠুকে নিজের দণ্ডটি মট করে ভাঙে)

বনকন্যা নাম তোর ধিক ধিক
চিত্ত নয় মুক্ত তোর বনের নির্ভীক
এ যে ঘরমুখো দাসত্বের প্রতীক।

মায়া

জানতে যদি বা তুমি,
যদি বা জানতে তুমি, কী ভয়ানক সে জগত হয়
অনন্তনিদ্রায় মগ্ন পাথরপ্রতিম যবে আমি
শীতল, তমস, গহন, ঐ যম গুহায়।
বিকৃত ধ্বনি, উচ্চ তীর স্বরে
দুর্ভেদ্য পাথর ভেদ করে, দীর্ঘ গর্জনে
আদিম বেদনায় প্রতিধ্বনি বর্ষণে
মৃত, আঁধার, জলে লাগায় আলোড়ন
বহুদিনের মৃত চাঁদের পাথরের মাঝে জাগরণ
প্রবুদ্ধ হলাম, জেগে আমি। পাতালের আগুনে
উন্মাদ বেদনা মোর করে গুহা বিদীর্ণ
আবার এলাম এই পৃথিবীতে।
মুক ওষ্ঠে ভাষা উঠল কথা কয়ে
অপরূপ বোধ জাগে নবজন্ম হয়ে
নেই মোর লয় বিস্মৃতিতে।

বনদেব

সে কোথায় এখন? নেই কেন তোর সাথে?
তার অকৃতজ্ঞ মন, এ নয় তব প্রেম রতন

অমর চিরন্তন?

মায়া

হে পিতামহ!

দেখতে তুমি! মানব রূপে সে করুণ
আমার চরণ ধরে, পতিত দেবদারু যেন তরুণ
অধ হতে উর্ধ্বে চেয়ে মোর পানে
যন্ত্রণায় ভরা দিঠি, কাঁদে সে বেদনে
আর অনুতাপে জ্বলে, আশা বিহনে
শুধু মানুষেরা বলে কথা অমন নয়নে!...
ছিলাম নীরব, ভাষহীন। প'ড়ে আমার চরণে
পদতল ধ'রে করে প্রার্থনা, কাঁপা হাতে
বাটকে দূরে পড়ে, নেই কথা ওষ্ঠ হ'তে,
ঐ কণ্টক সিঞ্চিত জঙ্গলে, মাঠের ওপারে
অদৃশ্য হল সে যে তার পরে।

বনদেব

কী করিবি তুই এই ক্ষণ?

মায়া

না জানি, তাই ছায়ার মতন
ঘুরি কুটীরের আশে পাশে। নেই শক্তি অমন
ছেড়ে যাই ওরে ... হৃদয়ের গভীরে কোথা শনি -
আসছে সে, ঐ তার পদধ্বনি ...

(বনদেব ধীরে মাথা নাড়ে। মায়া আবার হেলান দিয়ে দাঁড়ায়।)

বনদেব

অভাগিনী শিশু মোর,

ছেড়ে মোরে কোথা গেলি ঐ পরলোকে?
আছে নিজনীড়, শোক নিরাময় করি তোকে?
দেখ, উইলো ঐ বৃদ্ধা মাতা,
পঙ্ককেশ বিছায়ে র'চে শয্যা কোমলতা,
দুঃখে কাঁদে, তুমি গেছ কোথা।
যাও, কর বিশ্রাম হোথা।

মায়ী

(ধীরস্বরে)

পারিব না, পিতামহ।

বনদেব দীর্ঘশ্বাস ফেলে বনে প্রবেশ করে। বনের ভিতর থেকে আসে হান্কা
পদক্ষেপের আওয়াজ, যেন ভারহীন কোন অশ্বারোহী আসছে, আওয়াজটি
হঠাত্‌ থেমে যায়।

বামন

(কুটীরের পিছন হতে বেরিয়ে হাত ঘর্ষণ করে, মায়াকে দেখে থেমে যায়)

তুমি মায়ী, হেথা?

নাক গলাও কেন মিথা?

বামন

ওদের ঘোড়ার রোমশ ঘাড় ধ'রে

এনে দিলাম আস্তাবলে ফিরে;

শেষ বারে চড়া, চড়াবে না আর কারে!

মায়ী

বর্বর, দুর্জন! বনের নাম ডোবালি যে! ধিক্!

এই তোর লেভ খুড়োর প্রতি সম্মান অধিক?

বামন

সম্মান-মান গেছে চলে খুড়োর সাথে।

মায়া

সে কি? লেভ খুড়ো আর নেই? গেছে চলে?

বামন

ঐ দেখ সমাধি তাঁহার।

ওক গাছ কাটার সময় চাপা পড়েন, তাই
মরা গাছের কাণ্ডের নীচে হলেন শায়ী।

মায়া

দুজনেই নিল বিদায় ... বুঝেছিলেন তায়
এ বছরের শীতের চৌকাঠ হবে না পার হায় ...

(সমাধির কাছে গিয়ে)

একমাত্র মিত্র মোর!

হৃদয় আকুল হয়ে কাঁদে তোমার তরে,
অশ্রু যদি দিত জীবন, করে তাই সেচন,
অমর ফুল গাছ, হত এই জমিতে বিকাশন
এ সমাধি 'পরে। দীন অনাথিনী আমি
মৃত শূকনো পাতার মত দুঃখ মোর যায় নামি ...

বামন

শোকে ভাঙিনি আমি, তবে করি স্বীকার
প্রাণে বড় মোচড় লাগে খুড়োর লাগি,
ছিল সে স্বজন মোদের, করত সু-ব্যবহার।
রাখত সে কালো ছাগ-শিশু অশ্বের পাশে
আমার যাতায়াতের উদ্দেশ্যে

ঐ ছাগ যানবাহন করে ঝড়ের মত ঘুরি
অশ্রুধ্বয় যেমন ছিল তেমন বাঁধা বেড়ি।
এই রমনী দুই জানে না বনে ঘর বাঁধি
কেমনে করতে হয় আমাদের সাথী
করে ছাগ বিক্রয়, কাটে ওক গাছ, লগু-ভগু!
আমিও তেমন, দেখিয়ে দিলাম! যত তাজা হয়
আমরণ ছুটিয়েছি তাদের; করবে নতুন অশ্রু ক্রয়,
করাব আবার দৌড়। ডাইনীরা বলে ক'য়ে কত
বলেছি নজর দিয়ে গাভীদের নষ্ট কর যত,
যেন না দেয় দুধ। জানুক বুঝুক তারা!
জলরাজ তাদের পথে ছড়িয়েছে কাদা,
হারানো-ধনেরা পচিয়েছে ফসল পাকা
